

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd.

স্মারক নং-৪৬.০৪৬.০১৮.০০.০০.০৮২.২০১৫-০৩৩

তারিখ : ০৫ বৈশাখ ১৪২৩ বঙ্গাব্দ
১৮ এপ্রিল ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয় : জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে প্রকল্প বাস্তবায়ন।

সূত্র : ১. উপজেলা পরিষদ কার্যালয়, পত্নীতলা, নওগাঁ-এর স্মারক নং-পত্নী/উপ/নওগাঁ/২০১৫-১৬/৮৩; তারিখ : ২৬ নভেম্বর, ২০১৫।

সূত্র : ২ উপজেলা পরিষদ কার্যালয়, জীবননগর, চুয়াডাঙ্গা-এর স্মারক নং-উজেপ/জীবন/১৫/৮৭; তারিখ : ০১ নভেম্বর, ২০১৫।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রসমূহের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলার জন্য উপজেলার জনগোষ্ঠীর জীবন যাত্রার মান উন্নয়ন ও পরিবেশ দূষণ রোধে খাল পুনঃখনন, রাস্তা-ঘাট, ব্রীজ, কালভার্ট, মোবাইল ড্রিটমেন্ট প্লান্ট এবং গভীর নলকূপ স্থাপনের নিমিত্ত পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিসিটিএফ ফান্ড প্রকল্প হতে নিম্নোক্ত উপজেলাসমূহের দাখিলকৃত প্রকল্পে চাহিত বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে :

ক্রমিক	উপজেলা	চাহিত বরাদ্দ
৩.	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা	৭,৮৯,০২,০০০/-
৪.	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পত্নীতলা, নওগাঁ	৬,০০,০০,০০০/-

২। এমতাবস্থায়, উপরোক্ত ০২টি উপজেলা পরিষদ চেয়ারম্যান কর্তৃক দাখিলকৃত প্রকল্পসমূহের নির্ধারিত স্থানে সচিব স্থানীয় সরকার বিভাগ কর্তৃক স্বাক্ষরান্তে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।

J.A.M.
25/08/2015
(ড. জুলিয়া মর্দন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৬২২৪৭

সচিব
পরিবেশ ও বন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জেলা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।